দৈনিক ইনকিলাব

তারিখ 05 AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ১

# এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে ১৭৭৩ জন বহিষ্কৃত

॥ স্টাফ রিপোর্টার ॥

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় তৃতীয় দিনে গতকাল দেশের চারটি শিক্ষা বোর্ডে ১ হাজার ৭শ' ৭৩ জন পরীক্ষার্থী এবং ১ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। চট্টগ্রামের ফটিকছড়িতে পুলিশের সাথে পরীক্ষার্থী জনতার সংঘর্ষে ৭ জন আহত হয়েছে।

গতকাল ইংরেজী প্রথমপত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়। ইংরেজী প্রথমপত্র পরীক্ষার দিন গতকাল ঢাকা বোর্ডে ৪শ' ৬৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। ঢাকা মহানগরতে ১৮, ঢাকা জেলায় ৭, গাজীপুরে ৮০, নারয়ণগঞ্জে ৭, মাদারীপুরে ১৯, শরীয়তপুরে ৩, গোপালগঞ্জে ৯, কিশোরগঞ্জে ৩৫, জামালপুরে ৩৩, নরসংদীতে ১৯, মুন্সীগঞ্জে ৯, মানিকগঞ্জে ২১, টাঙ্গাইলে ৬১, ফরিদপুরে ১৫, রাজবাড়ীতে ৩, ময়মনসিংহে ৮৩, নেত্রকোনায় ২৫ এবং শেরপুরে ১৯

১১-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## এইচএসসি পরীক্ষা

প্রথম পৃষ্ঠার পর

জনকে বহিষ্কার করা হয়েছে। কুমিল্লা বোর্ডে মোট বহিষ্কৃত পরীক্ষার্থীর সংখ্যা ৩শ' ৩৯। কুমিল্লায় ৭১, চট্টগ্রামে ১শ', ব্রাহ্মণবাড়ীয়ায় ৩৪, ফেনীতে ২৬, মৌলভী বাজারে ১৫, চাঁদপুরে ৬৪, সিলেটে ৯, হবিগঞ্জে ১১ এবং খাগড়াছড়িতে ১ জনকে বহিষ্কার করা হয়েছে। আমাদের চট্টগ্রাম ব্যুরো জানিয়েছে, ফটিকছড়ি থানার নানুপুর লায়লা কবির কলেজে পুলিশের সাথে ছাত্র-জনতার সংঘর্ষে ৭ জন গুরুতর আহত হয়েছে। বিক্ষুব্ধ ছাত্রদের হাতে এ সময় সহকারী কমিশনার (ভূমি) আবু নাসের মোহাম্মদ লাঞ্ছিত হন। গতকাল ইংরেজী পরীক্ষা চলাকালে কর্তৃপক্ষ নকলের বিরুদ্ধে কড়াকড়ি আরোপ করলে ছাত্ররা বিক্ষুব্ধ হয়ে উঠে। এক পর্যায়ে ৭৭ জন পরীক্ষার্থী পরীক্ষা না দিয়ে পরীক্ষা কক্ষ ত্যাগ করে। তারা এ সময় সহকারী কমিশনারকে নাজেহাল ও দু'টি গাড়ী ভাঙচুর করে। পরিস্থিতির আরো অবনতি ঘটার আশংকায় কলেজ কর্তৃপক্ষ অতিরিক্ত পুলিশ আনলে ছাত্রদের উত্তেজনা বেড়ে যায়। একপর্যায়ে ছাত্র-জনতার সাথে পুলিশের সংঘর্ষে ৭ জন আহত হয়েছে। পরীক্ষার্থীরা কেউ পরীক্ষা দেয়নি। আমাদের যশোর অফিস জানায়, গতকাল যশোর শিক্ষা বোর্ডের ইংরেজী প্রথম পর্বের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১২৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।

জেলাওয়ারী বহিষ্কারের সংখ্যা হচ্ছেঃ ঝালকাঠি- ৬, সাতক্ষীরা- ২, খুলনা- ২২, ভোলা- ৯, কুষ্টিয়া- ২৮, যশোর- ১৩, বরিশাল- ১১, বরগুনা- ৭, পটুয়াখালী- ১৩, নড়াইল- ১ ও পিরোজপুর- ১৫।

রাজশাহী অফিস জানায়, গত বৃহস্পতিবার এইচএসসি পরীক্ষার ইংরেজী প্রথমপত্রে রাজশাহী বোর্ডের অধীন ১৫টি জেলায় ৮৪১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এ দিন পরীক্ষায় অনুপস্থিত ছিল ৫৮২ জন। বহিষ্কৃতদের মধ্যে গাইবান্ধায় সর্বোচ্চ ২১১ জন, দিনাজপুরে ১৩৬ জন, বগুড়ায় ৬৩ জন, সিরাজগঞ্জে ৭৮ জন, নবাবগঞ্জে ৪৬ জন, নাটোরে ২৬ জন, নওগাঁয় ২৬ জন, পাবনায় ৩৬ জন, জয়পুরহাটে ২০ জন, রংপুরে ৪৭ জন, কুড়িগ্রামে ২৪ জন, লালমনিরহাটে ১৭, নীলফামারী ১৮ জন, পঞ্চগড়ে ১৯ জন এবং ঠাকুরগাঁয় ৮১ জন রয়েছে।

বগুড়ায় একজন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে বলে বোর্ড কন্ট্রোল রুম সূত্রে জানান হয়।

108
109